



জীবন বীমা কর্পোরেশন
প্রধান কার্যালয়, ঢাকা।

বিষয়ঃ জীবন বীমা কর্পোরেশনের ২০২২-২০২৩ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়নের
লক্ষ্যে নৈতিকতা কমিটির ২য় প্রান্তিকের সভার কার্যবিবরণী।

সভাপতি : মো: সাইফুল ইসলাম, ম্যানেজিং ডাইরেক্টর।
তারিখ : ২৯ ডিসেম্বর, ২০২২, বৃহস্পতিবার, বেলা ৩.০০.০০ ঘটিকা।
স্থান : এক্সিকিউটিভ কনফারেন্স রুম, জীবন বীমা কর্পোরেশন।
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'।

সভাপতি ভার্চুয়ালি সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুর করেন। তিনি আর্থিক প্রতিষ্ঠান বিভাগের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের গুরুত্ব সম্পর্কে আলোচনা করেন এবং বক্তব্যে বলেন, সকলকে শুদ্ধাচার বাস্তবায়নে মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ন্যূনতম একটি উদ্যোগ বাস্তবায়ন করতে হবে। অতঃপর তিনি হিসাব বিভাগের ম্যানেজার ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপনের জন্য বলেন।

২। ম্যানেজার, হিসাব একত্রিকরণ ও জীবিকের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা আলোচ্যসূচি অনুযায়ী বলেন যে, ২০২২-২০২৩ অর্থ বছরে ২য় প্রান্তিকের শুদ্ধাচার কার্যক্রম প্রতিবেদন ও প্রমাণক সুসংগঠিতভাবে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে উপস্থাপিত করার জন্য গত ১ম প্রান্তিকের সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করতে হবে। দু'টি রিজিওনাল অফিসের নৈতিকতা কমিটি গঠনের অফিস আদেশ এখনো পাওয়া যায়নি। একটি রিজিওনাল অফিস থেকে অংশীজনের (stakeholders) সভার রেজুলেশন পাওয়া গেছে।

২। আলোচনায় জেনারেল ম্যানেজার (চ: দা:)-অর্থ ও হিসাব বলেন যে, ৫(পাঁচ) সদস্যের নৈতিকতা কমিটি গঠন করে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা যে সব রিজিওনাল অফিস এখনো রেজুলেশন করে প্রেরণ করেন নি, আগামী ০৭ জানুয়ারি, ২০২৩ তারিখের মধ্যে রেজুলেশন করে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। তাছাড়া, টিওএন্ডইডুক্র অকেজো মালামাল বিক্রয় করার জন্য কমিটি গঠন করে যথাযথ অনুমোদন নেয়ার জন্য তাঁর ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধ করেন। আইডিআরএ-এর ৩য় প্রান্তিকের (জুলাই থেকে সেপ্টেম্বর, ২০২২) ত্রৈমাসিক তথ্য ও ত্রৈমাসিক বাজেট তথ্য প্রধান কার্যালয়ে প্রেরণের জন্য সকলকে ধন্যবাদ জানান। অনুরূপভাবে আইডিআরএ-এর ৪র্থ প্রান্তিকের (অক্টোবর থেকে ডিসেম্বর, ২০২২) ত্রৈমাসিক তথ্য ও ত্রৈমাসিক বাজেট তথ্য প্রধান কার্যালয়ে প্রেরণের জন্য সকলকে অনুরোধ করেন। তাছাড়া, ২০২২ সালের ব্যবসায় ক্লোজিং তথ্যাদি ও ২০২৩ সালের ত্রয় পরিকল্পনাও প্রধান কার্যালয়ে প্রেরণের জন্য সকলকে অনুরোধ করেন। তিনি সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে উপস্থিত সদস্যদের তাঁদের বক্তব্য / মতামত প্রদানের আহ্বান জানান।

৩। সিলেট রিজিওনাল অফিস ও ময়মনসিংহ রিজিওনাল অফিস বলেন যে, নৈতিকতা কমিটি গঠন করে প্রধান কার্যালয়ে প্রেরণ করা হবে। তাছাড়া, সিলেট, রংপুর, ময়মনসিংহ ও খুলনা রিজিওনাল অফিস আরো


২য় পাতা দ্র:

Handwritten signature

বলেন যে, পেনশন বীমা পলিসি ইএফটি-র মাধ্যমে জানুয়ারি মাসে প্রেরণ করা হবে। ডেপুটি জেনারেল ম্যানেজার, বরিশাল রিজিওনাল অফিস বলেন যে, টিওএন্ডইডুজ অকেজো মালামাল বিক্রয় করার জন্য কমিটি গঠন করে প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।

- ৪। সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ
- ৪.১ ময়মনসিংহ ও সিলেট রিজিওনাল অফিসের নৈতিকতা কমিটি গঠন করার জন্য সিদ্ধান্ত হয়।
- ৪.২ যে সব রিজিওনাল অফিস সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভার রেজুলেশন এখনো প্রেরণ করে নাই, সে সব রিজিওনাল অফিস আগামী ৭ জানুয়ারির মধ্যে রেজুলেশন প্রেরণ করবে।
- ৪.৩ টিওএন্ডইডুজ অকেজো মালামাল বিক্রয় করার জন্য কমিটি গঠন করে যথাযথ অনুমোদন নিয়ে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৪.৪ ত্রৈমাসিক ভিত্তিতে আইডিআরএ-এর নির্ধারিত ছকে তথ্যাদি ও বাজেট বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণ করতে হবে।
- ৪.৫ ২০২৩ সালের ক্রয় পরিকল্পনা নির্ধারিত ছকে অর্থ ও হিসাব বিভাগ এবং আইসিটি বিভাগে প্রেরণ করতে হবে।

আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মো: সাইফুল ইসলাম)
ব্যবস্থাপনা পরিচালক
জীবন বীমা কর্পোরেশন

নং ৫৩.১৯.৯০০১.০২৮.০০.০০০.২০২০ - ৩৬

তারিখ: ০৩ জানুয়ারি, ২০২২

বিতরণ:

- ১। সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
- ২। চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।
- ৩। যুগ্মসচিব, বাণিজ্যিক অডিট শাখা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
- ৪। নৈতিকতা কমিটির সকল সদস্য, জীবন বীমা কর্পোরেশন।


০৪/০১/২০২২
(মো: ফেরদৌস আলম খান)
ম্যানেজার- হিসাব